

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, ১৩৪২।

বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস এর Master of Science (MSc) in Remote Sensing and GIS প্রোগ্রামে ভর্তিচ্ছুক পরীক্ষার্থীবৃন্দের অবগতির জন্য জানাচ্ছি যে, অনলাইন Admission Test আগামী ২২-শে আগস্ট ২০২১ তারিখ বেলা ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদেরকে যথাসময়ে অংশগ্রহণ করার জন্য বলা হলো। পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অর্থাৎ ২২-শে আগস্ট ২০২১ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় জুম লিংকের মাধ্যমে সংযুক্ত করা হবে এবং সংযুক্ত থাকা অবস্থায় নির্ধারিত সময়ে Google form-এর লিংক সরবরাহ করা হবে। জুম লিংকটি পরীক্ষা শুরু হবার ৩০ মিনিট পূর্বে ই-মেইল-এ প্রেরণ করা হবে। সকল পরীক্ষার্থীদেরকে ২২-শে আগস্ট ২০২১ তারিখ বেলা ১১:০০টায় MCQ এবং ২৫ ও ২৬-শে আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য Online Viva-তে অংশগ্রহণ করতে হবে। MCQ এবং মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা তৈরী করা হবে।

- ❖ পরীক্ষার্থীদের সাথে অবশ্যই ল্যাপটপ থাকতে হবে।
- ❖ নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ থাকতে হবে।
- ❖ ল্যাপটপ-এ ওয়েবক্যাম না থাকলে তা সংযুক্ত করতে হবে।
- ❖ পরীক্ষার্থীদের জিমেইল অ্যাকাউন্ট (Gmail account) থাকতে হবে।
- ❖ পরীক্ষার্থীকে অবশ্যই পর্যাপ্ত আলো ও Noise free room-এ বসে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং রুমে পরীক্ষার্থী ব্যতীত অন্য কেউ থাকতে পারবে না।
- ❖ পরীক্ষা চলাকালীন ওয়েবক্যামের সামনে থেকে কোনভাবেই স্থান ত্যাগ করা যাবে না কারণ পরীক্ষার্থীর Physical movement monitor করা হবে।

এছাড়া, পরীক্ষা পদ্ধতি ও নির্দেশনার বিস্তারিত জানার জন্য নিম্নোক্ত লিংকে প্রবেশ করুন

<http://irs.iitju.edu.bd/>

স্বাক্ষর/- মো.আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)